

ভারসাম্যপূর্ণ হাই স্কুল আবেদনপত্র কীভাবে তৈরি করতে হয়

প্রিয় পরিবারবর্গ,

আজ আমরা লিখছি একটি ভারসাম্যপূর্ণ হাই স্কুলে ভর্তির আবেদনপত্র তৈরি নিয়ে পাঁচটি পরামর্শ প্রদানের জন্য। আপনার আগ্রহের একটি প্রোগ্রামে অফার পাওয়ার সবচেয়ে সেরা সুযোগ হচ্ছে একটি ভারসাম্যপূর্ণ আবেদনপত্র জমা দেয়া।

- **পরামর্শ 1.** আপনার পছন্দের 12টি প্রোগ্রাম বেছে নিন, যেগুলোর যেকোনো একটিতে ভর্তি হলে আপনি খুশি হবেন। গত বছর, 97% শিক্ষার্থী যারা তাদের আবেদনপত্রে 12টি কর্মসূচি তালিকাভুক্ত করেছিল, তারা তাদের পছন্দ থেকে একটি প্রস্তাব লাভ করেছে।
- **পরামর্শ 2.** আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে প্রোগ্রামগুলোকে আবেদনপত্রে তালিকাবদ্ধ করুন। এটি সব সময়ই সেরা কৌশল: আপনার প্রথম পছন্দের প্রোগ্রামে আপনাকে প্রথমে বিবেচনা করা হবে, এবং সেখানে যদি আপনাকে অফার দেওয়া না যায়, এরপর আপনাকে আপনার দ্বিতীয় পছন্দের প্রোগ্রামকে আপনার প্রথম পছন্দের প্রোগ্রামের ন্যায় বিবেচনা করা হবে। তদুপরি, কোনো স্কুলকে আপনি প্রথম না দ্বাদশ পছন্দে রেখেছেন, স্কুল তা কখনও জানতে পারবে না।
- **পরামর্শ 3.** প্রোগ্রামের চাহিদার কথা বিবেচনায় রাখুন। আপনি যদি আবেদন করেন কিছু উচ্চ চাহিদাযুক্ত প্রোগ্রামে—অন্য কথায়, যেসব প্রোগ্রামে প্রতিটি আসনের জন্য 3 বা অধিক আসনপ্রতি আবেদনকারী থাকে—এমন কিছু প্রোগ্রামেও আবেদন করবেন যেগুলোতে আসনপ্রতি 1 অথবা 2 জন আবেদনকারী থাকে। আপনি মাইস্কুলস্-এর প্রোগ্রামের পেজ-এ যেকোন প্রোগ্রামে প্রতিটি আসনের জন্য কতজন আবেদনকারী আবেদন করেছে সেটি জেনে নিতে পারবেন এবং ভিন্ন স্তরের চাহিদাযুক্ত স্কুলসমূহ খুঁজে নিতে আপনি “প্রতি আসনে আবেদনকারীর সংখ্যা” এই ফিল্টারটি ব্যবহার করতে পারেন।
- **পরামর্শ 4.** প্রতিটি প্রোগ্রামে আপনার অগ্রাধিকার গ্রুপ সম্পর্কে জেনে নিন। আপনার আবেদন করা প্রোগ্রামে যদি একাধিক অগ্রাধিকার গ্রুপ থাকে, নিশ্চিত করবেন যে আপনি এমন কিছু প্রোগ্রামে আবেদন করছেন যেখানকার অগ্রাধিকার গ্রুপে 1-এ আপনি আছেন। আপনি প্রোগ্রামটির মাইস্কুলস্ (MySchools) পেজ থেকেও এই তথ্য জানতে পারবেন।
- **পরামর্শ 5.** ভারসাম্যপূর্ণ ভর্তি প্রক্রিয়ার কথা বিবেচনায় রাখুন। পরিশেষে, আপনি যদি এমন কিছু প্রোগ্রামে আবেদন করেন যেগুলো বাছাইকৃত বা অডিশন ভর্তি প্রক্রিয়া ব্যবহার করে, সাথে সাথে কিছু প্রোগ্রামেও আবেদনের কথা বিবেচনা করবেন যেগুলো উন্মুক্ত অথবা শিক্ষাগত বিকল্প (এডুকেশনাল অপশন, ed. opt.) ভর্তি প্রক্রিয়া ব্যবহার করে।

ভুলে যাবেন না যে [আপনার ভারসাম্যপূর্ণ আবেদনপত্র জমা দিতে হবে 1 ডিসেম্বর-এর মধ্যে](#)। আপনার কি [মাইস্কুলস্](#) অ্যাকাউন্ট বা আবেদন নিয়ে সহায়তা প্রয়োজন? সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি! আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন অথবা একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে যোগাযোগ করুন।

আপনাকে ধন্যবাদ,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

হাই স্কুলে অ্যাডমিশন বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।